বার্ষিক প্রতিবেদন

২০১৮ - ২০১৯

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

PROSHIKA–A Centre for Human Develolment

সম্পাদনা পরিষদ
সিরাজুল ইসলাম, প্রধান নির্বাহী
সিরাজুল হক, পরিচালক
শিবু কান্তি দাশ, উপ-পরিচালক
মোঃ নূরুল ইসলাম রেণু , উপ-পরিচালক
ও
মোঃ আহাদ উল্লাহ, সহকারী পরিচালক

আইটি সাপোর্ট
মোঃ ইদ্রিস হোসেন
আইটি ম্যানেজার (ডকুমেন্টেশন)
তথ্য ব্যবস্থাপনা ও কম্পিউটার বিভাগ

প্রকাশক
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

বর্তমান প্রধান কার্যালয়
বিপিএমআই ভবন, হোল্ডিং নং ২১৩ - ২১৪ (৪র্থ ও ৫ম তলা)
জনতা হাউজিং, শাহ্ আলী বাগ, মিরপুর-২, ঢাকা-১২১৬
মুঠোফোন : +৮৮০ ১৮৮৮০০০২৮৫- ৬
ওয়েব : www.proshikabd.com
ই-মেইল : proshika.muk.acfhd@gmail.com
pmuk@proshikabd.com

অভীষ্ট লক্ষ্য (Vision)

প্রশিকা এমন একটি সমাজ চায়, যা হবে অর্থনৈতিকভাবে উৎপাদনশীল ও টেকসই, সামাজিকভাবে ন্যায়সঙ্গত, পরিবেশগতভাবে নির্মল এবং যথার্থ গণতান্ত্রিক।

ব্রত (Mission)

দরিদ্র জনগণকে ক্ষমতায়নের মাধ্যমে একটি নিবিড়, সম্প্রসারিত, অংশগ্রহণমূলক এবং স্থায়ীত্বশীল উন্নয়ন প্রক্রিয়া পরিচালনা করাই প্রশিকার মূল ব্রত।

উদ্দেশ্য (Objectives)

- দারিদ্র্য বিমোচন
- সামাজিক ও মানবিক মূল্যবোধের বিকাশ
- পরিবেশ সংরক্ষণ ও পুনঃসৃজন
- নারীর অবস্থার উন্নয়ন
- রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোতে জনগণের অংশগ্রহণ বৃদ্ধি করা এবং
- গণতান্ত্রিক এবং মানবিক অধিকার অর্জন ও ব্যবহারের ক্ষেত্রে জনগণের সামর্থ্য বৃদ্ধি করা।

জেনারেল বডির বার্ষিক সাধারণ সভা-২০১৯

পঞ্চবার্ষিকীর প্রথম বর্ষের পরিকল্পনা ও মূল্যায়ন কর্মশালা (২০১৮-২০১৯)

অ্যাডভোকেট এম. এ. ওয়াদুদ
চেয়ারম্যান, গভার্নিং বডি

চেয়ারম্যানের বক্তব্য

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র ২০১৮-২০১৯ অর্থবছরের প্রতিবেদন প্রকাশ করছে জেনে আমি আনন্দিত। আমি অবগত যে, প্রশিকার বর্তমান ব্যবস্থাপনা অত্যন্ত গতিশীলভাবে আর্থিক ও সামাজিক উন্নয়নের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। প্রশিকা বার্ষিক পরিকল্পনার আলোকে অর্থবছরের অর্জনের প্রতিবেদন প্রকাশ করে আসছে যা একটি গতিশীল প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। বিভিন্ন কর্মসূচির মাধ্যমে প্রশিকা দরিদ্র মানুষের উন্নয়নের জন্য যে প্রয়াস অব্যাহত রেখেছে তা অত্যন্ত প্রশংসনীয়।

প্রশিকার কর্মী ও ব্যবস্থাপকমন্ডলী প্রশিকার উন্নয়ন, দর্শন, নীতিমালা ও সাংগঠনিক প্রচেষ্টার ক্ষমতার ব্যাপারে যথেষ্ট সচেতন। তাদের সক্রিয় উদ্যোগের ফলে প্রশিকার কার্যক্রমের পরিসর প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে এবং ক্রমান্বয়ে অধিক সংখ্যক দরিদ্র নারী ও পুরুষদের উন্নয়নের অংশীদার হিসাবে অন্তর্ভুক্ত করা হচ্ছে।

এ অর্থবছরে যে সাফল্য অর্জিত হয়েছে তার অন্যতম গুণক (ফ্যাক্টর) হচ্ছে প্রশিকার কর্মী ও ব্যবস্থাপকদের নিরলস পরিশ্রম, প্রশিকার উন্নয়ন নীতির প্রতি দৃঢ় অঙ্গীকার ও আন্তরিকতা।

উন্নয়ন একটি যৌথ প্রয়াস। আর্থিক, মানবিক, সাংস্কৃতিক ক্ষেত্রে সাধারণ মানুষের প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য প্রশিকা যে নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছে তা প্রশংসনীয়।

একই সাথে উন্নয়নকে একটি স্থায়ীত্বশীল ভিত্তির উপর প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রশিকার কর্মসূচি কার্যকর ভূমিকা পালন করছে এ বিষয়ে আমার কোনো সন্দেহ নেই। বিগত অর্থবছরে প্রশিকা যে সাফল্য অর্জন করেছে তা জাতীয় উন্নয়নের ক্ষেত্রে কিছুটা হলেও অবদান হিসাবে যুক্ত হবে।

আমার প্রত্যাশা প্রশিকা উত্তরোত্তর সমৃদ্ধি অর্জন করুক। কর্মীদের মনোবল অটুট থাকুক এবং উন্নয়ন আদর্শকে চেতনায় ধারণ করে উন্নত সমাজ গঠনে আরও অধিক মাত্রায় ভূমিকা পালনে সক্ষম হবে-এ আশাবাদ ব্যক্ত করছি।

আমি প্রশিকার উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করছি। যারা এ প্রতিবেদন প্রণয়নে যুক্ত ছিলেন তাদেরকেও ধন্যবাদ জানাই।

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী

প্রধান নির্বাহীর শুভেচ্ছা বক্তব্য

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র বিগত অর্থবছরের ন্যায় ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে। এ অর্থবছরের পরিকল্পনার শতভাগ সফলভাবে বাস্তবায়ন হয়েছে। পূর্ববর্তী বছরগুলোর অর্জনের তুলনায় এ অর্থবছরের অর্জন অত্যন্ত আশাব্যঞ্জক।

প্রশিকার সর্বস্তরের কর্মী ও ব্যবস্থাপকদের আন্তরিক প্রয়াস, সাংগঠনিক নিয়ম-নীতি অনুসরণ, কার্যকর যোগাযোগ, উপকারভোগী সংগঠিত দলীয় সদস্যদের চাহিদা বিবেচনায় নেয়া ও পরামর্শ, দ্রুত পদক্ষেপ গ্রহণ, কেন্দ্রীয় ব্যবস্থাপক ও বিভাগ প্রধানদের ব্যবস্থাপনাগত দক্ষতা এবং অঙ্গীকার প্রশিকার কার্যক্রম বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন করেছে। অংশগ্রহণমূলক ব্যবস্থাপনা প্রক্রিয়া ও যুগোপযোগী নীতিমালা তৈরি, ক্ষেত্র বিশেষে সংশোধন এবং পরিবর্তন প্রক্রিয়া কর্মসূচি বাস্তবায়নে জোড়ালো ভূমিকা রেখেছে।

প্রশিকার কার্যক্রমের প্রতি দলীয় সদস্যদের অটুট বিশ্বাস ও তাদের কর্মদক্ষতা এবং আস্থা কর্মসূচি সফল বাস্তবায়নে বরাবরের মতো অবদান রেখেছে। ২০১৮-২০১৯ অর্থবছরের সাফল্যের একটি উল্লেখযোগ্য দিক হচ্ছে কর্মএলাকা সম্প্রসারণ এবং নতুন মাঠ কর্মী নিয়োগ। এ প্রক্রিয়ায় প্রশিকার সাংগঠনিক পরিসর বৃদ্ধির সাথে সাথে অধিক সংখ্যক দরিদ্র জনগোষ্ঠী প্রশিকার কর্মসূচিতে অন্তর্ভুক্ত হয়েছে। তাদের আর্থিক সঙ্গতি বৃদ্ধি পাচ্ছে যা প্রশিকার দারিদ্র্য বিমোচন নীতির অন্যতম উদ্দেশ্য।

উল্লেখ্য, এ অর্থবছরের সাফল্যের পেছনে প্রশিকার কর্মী, ব্যবস্থাপকদের ভূমিকার পাশাপাশি প্রশিকার নির্বাহী পরিষদ তথা গভার্নিং বডি ও জেনারেল বডির সক্রিয় এবং কার্যকর পরামর্শ ও পরিচালনা নীতিও কার্যকর ভূমিকা রেখেছে। এছাড়া বর্তমান সরকারের সংশ্লিষ্ট বিভাগ, দপ্তর ও অধিদপ্তরের সহযোগিতা আমাদেরকে সাহস যুগিয়েছে।

এ অর্থবছরে প্রশিকার বার্ষিক পরিকল্পনা সফলভাবে বাস্তবায়নে ভূমিকা পালনে যারা পরিশ্রম করাসহ সমস্যা সমাধানে কার্যকর পরামর্শ প্রদান করেছেন আমি তাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই।

আমি আশা করি যে, সাংগঠনিক বিষয়ে প্রশিকার সর্বস্তরের কর্মী, ব্যবস্থাপকগণ প্রশিকার নীতি ও আদর্শকে সামনে রেখে কাজ করবেন। প্রশিকা দারিদ্র্য বিমোচনে তথা আর্থ-সামাজিক উন্নয়নে আগামীতে আরও বেশি মনোযোগী ও আন্তরিক হবেন। প্রশিকার ঘোষিত উন্নয়ন দর্শনকে বাস্তবে রূপ দেওয়ার জন্য কর্মী ও ব্যবস্থাপকগণ যে দৃঢ় মনোভাব নিয়ে কাজ করছেন তা অব্যাহত রাখবেন।

প্রশিকার সাফল্যের অংশীদার সবাইকে আমি আবারও ধন্যবাদ জানাই। আশা করি এ ধারা অব্যাহত রাখার মাধ্যমে আমরা ইতোমধ্যে প্রণীত প্রশিকার পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৮-২০২৩) পূর্ণমাত্রায় বাস্তবায়নে সক্ষম হবো।

গভার্নিং বডি (ফেব্রুয়ারি ২০১৮ থেকে জানুয়ারি ২০২১)

১.	অ্যাডভোকেট এম.এ. ওয়াদুদ	চেয়ারম্যান
২.	মিজ রোকেয়া ইসলাম	ভাইস-চেয়ারম্যান
৩.	জনাব জহিরুল ইসলাম	কোষাধ্যক্ষ
৪.	মিজ রফিকা আক্তার	সদস্য
৫.	জনাব মোঃ আসলাম উদ্দিন	সদস্য
৬.	জনাব মোঃ ইয়াকুব আলী মিয়া	সদস্য
৭.	জনাব মোঃ আবুল বাশার	সদস্য ও
৮.	জনাব সিরাজুল ইসলাম	সচিব ও প্রধান নির্বাহী

জেনারেল বডির সম্মানিত সদস্যবৃন্দ

১. অ্যাডভোকেট এম.এ. ওয়াদুদ
২. মিজ রোকেয়া ইসলাম
৩. জনাব জহিরুল ইসলাম
৪. মিজ আলেয়া বিশ্বাস
৫. জনাব মোঃ আসলাম উদ্দিন
৬. জনাব মোঃ ইয়াকুব আলী মিয়া
৭. জনাব মোঃ আবুল বাশার
৮. জনাব আব্দুল মতিন
৯. অ্যাডভোকেট মোঃ নুরুল ইসলাম মাতুব্বর
১০. মিজ রফিকা আক্তার
১১. জনাব মোঃ আবদুল খালেক তালুকদার
১২. জনাব মোঃ নুরুল ইসলাম
১৩. মিজ গুলশান আরা বেগম
১৪. অধ্যাপক ড. মোঃ আবুল কাশেম
১৫. মিজ রেনুকা বিশ্বাস
১৬. মিজ হামিদা বেগম
১৭. মিজ বেলা ভক্ত
১৮. জনাব মোঃ আবুল কালাম আজাদ
১৯. জনাব মোঃ মিজানুর রহমান ও
২০. মিজ মঞ্জুয়ারা বেগম

সূচিপত্র

এক নজরে প্রশিকা ---------- ৭
১. সংগঠন বিনির্মাণ ---------- ৮
১.১. কর্মএলাকা সম্প্রসারণ ---------- ৮
২. আর্থিক সেবা কর্মসূচি ---------- ৮
২.১ ক্ষুদ্রঋণ কার্যক্রম ---------- ৮
২.২ সঞ্চয় কার্যক্রম ---------- ১২
২.৩ আর্থিক সেবা ঝুঁকি ব্যবস্থাপনা তহবিলের ব্যবহার ---------- ১৩
২.৪ ক্ষুদ্র অর্থনৈতিক উদ্যোগ উন্নয়ন ---------- ১৩
৩. সামাজিক উন্নয়ন কর্মসূচি ---------- ১৫
৩.১ মানবিক উন্নয়ন প্রশিক্ষণ ---------- ১৫
৩.২ প্রতিবন্ধি মানুষের উন্নয়ন ---------- ১৫
৩.৩ নারী উন্নয়ন ও ক্ষমতায়ণ ---------- ১৫
৩.৪ সামাজিক বনায়ন ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি মোকাবেলা ---------- ১৬
৩.৫ পরিবেশসম্মত কৃষি ---------- ১৬
৩.৬ মাদকাসক্তি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি ---------- ১৬
৩.৭ দুর্যোগ ব্যবস্থাপনা, ত্রাণ ও পুনর্বাসন ---------- ১৭
৩.৮ ডেঙ্গু প্রতিরোধে প্রশিকা ---------- ১৮
৩.৯ জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন ---------- ১৮
৩.১০ গণসংস্কৃতি ---------- ১৯
৪. আয়মূলক প্রকল্পসমূহ ---------- ২০
৪.১ মধু উৎপাদন ও বিপণন ---------- ২০
৪.২ আঞ্চলিক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, ময়মনসিংহ ---------- ২০
৪.৩ প্রশিকার সম্পদ ব্যবস্থাপনা ---------- ২০
৪.৩.১ সমন্বিত কৃষি খামার, রংপুর ---------- ২০
৪.৩.২ কার্প হ্যাচারী, রংপুর ---------- ২১
৪.৩.৩ সমন্বিত কৃষি খামার, সাতকানিয়া, চট্টগ্রাম ---------- ২১
৪.৪ তৃণমূল প্রশিক্ষণ কেন্দ্র ও জমি ব্যবস্থাপনা ---------- ২১
৫. কর্মসূচি বাস্তবায়নে সহায়ক বিভাগসমূহ ---------- ২২
৫.১ তথ্য ব্যবস্থাপনা ও কম্পিউটার বিভাগ ---------- ২২
৫.২ মানবসম্পদ বিভাগ ---------- ২২
৫.৩ সাধারণ প্রশাসন বিভাগ ---------- ২২
৫.৪ নিরীক্ষা ও মনিটরিং বিভাগ (অভ্যন্তরীণ) ---------- ২৩
৫.৫ হিসাব, অর্থ ও এফএসডি বিভাগ ---------- ২৩
৬. ২০১৮-২০১৯ অর্থ বছরে সম্পাদিত সাংগঠনিক ও অন্যান্য কর্মকান্ড ---------- ২৪
৬.১ বার্ষিক কর্মসূচি মূল্যায়ন ও পরিকল্পনা কর্মশালার আয়োজন (২০১৮-২০১৯) ---------- ২৪
৬.২ অডিট সম্পন্নকরণ (২০১৮-২০১৯) ---------- ২৪
৬.৩ গভার্নিং বডি ও জেনারেল বডির সভা আয়োজন ---------- ২৪
৭. উপসংহার ---------- ২৪
৮. সংযুক্তি ---------- ২৫
৮.১ মানচিত্রে প্রশিকার উন্নয়ন এলাকা ---------- ২৫
৮.২ উন্নয়ন এলাকার তালিকা (জুন ২০১৯) ---------- ২৬
৮.৩ তৃণমূল প্রশিক্ষণ কেন্দ্রের তালিকা ---------- ৩৩
৮.৪ আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ ---------- ৩৫
৮.৫ অডিট রিপোর্ট (২০১৮-২০১৯) ---------- ৩৬

এক নজরে প্রশিকা

(জুন ৩০, ২০১৯)

সংগঠনের নাম	:	প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র
প্রতিষ্ঠাকাল	:	১৯৭৬ সাল
বর্তমান ঠিকানা	:	বিপিএমআই ভবন, হোল্ডিং নং : ২১৩-২১৪ (৪র্থ ও ৫ম তলা) জনতা হাউজিং, শাহআলী বাগ, মিরপুর-২, ঢাকা-১২১৬
নিবন্ধন সংক্রান্ত তথ্য	:	

১। জয়েন্ট স্টক কোম্পানী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন নং : $\frac{\text{S-563}}{23}$
নিবন্ধনের তারিখ : ০১.১০.১৯৭৬

২। এনজিও বিষয়ক ব্যুরো, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন নং : ১৪৯
তারিখ : ০৬.০৭.১৯৮৩

৩। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)
বাংলাদেশ ব্যাংক, ঢাকা
সনদ নং : ০০১৫২-০৩-১৩৫-০০৬০০
তারিখ : ১০.১০.২০১১

৪। জাতীয় বীজ বোর্ড/বীজ উইং, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিঃ নং : SW / MoA / 31120
তারিখ : ৩০.১০.২০১৮

৫। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (নিরোধ শিক্ষা অধিশাখা) কর্তৃক নিবন্ধন
নিবন্ধন নং : ডি এন সি-০২
তারিখ : ২৩.১০.২০১৯

কর্মএলাকা	:	সমগ্র বাংলাদেশ
উন্নয়ন এলাকা	:	৮৯টি
শাখা কার্যালয়	:	১৬০টি
উপজেলা	:	১০১টি
জেলা	:	২৯টি
সমিতির সংখ্যা	:	১৬,৬৭৯টি (নারী ১২,৪৭৫, পুরুষ ৪,২০৪)
সমিতির সদস্য সংখ্যা	:	২,৮৩,০৮৩ জন (নারী ২,০৮,৮২৫ জন, পুরুষ ৭৪,২৫৮ জন)
ঋণ বিতরণ	:	৬,১৫২.২০ কোটি টাকা প্রায়
মোট ঋণ স্থিতি	:	২৬১.৩৩ কোটি টাকা
সদস্যদের মোট সঞ্চয় স্থিতি	:	২৫৯.৯৮ কোটি টাকা
আয়	:	৫০.৫৫ কোটি টাকা
ব্যয়	:	৫১.০২ কোটি টাকা
কেন্দ্রীয় কর্মীর সংখ্যা	:	১১২ জন (নারী ৯, পুরুষ ১০৩,)
উন্নয়ন এলাকার কর্মীর সংখ্যা	:	১১৪৮ জন (নারী ৪৭১, পুরুষ ৬৭৭)
মোট কর্মী	:	১২৬০ জন (নারী ৪৮০, পুরুষ ৭৮০)

১. সংগঠন বিনির্মাণ

প্রশিকা দেশের গ্রামীণ ও নগর দরিদ্রদের উন্নয়নের লক্ষ্যে কাজ করে। উল্লেখ্য যে, বিচ্ছিন্ন জনগোষ্ঠীকে একতাবদ্ধ করে তাদের সংগঠন গড়ে তোলা উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক সমস্যাগুলি চিহ্নিতকরণ, সমাধানের উপায় নির্ণয়, সংগঠন পরিচালনা ও নেতৃত্বের বিকাশের পাশাপাশি বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংগঠনের মাধ্যমেই সবচেয়ে বেশি কার্যকর হয় বলে আমরা বিশ্বাস করি।

এ প্রেক্ষাপটের ভিত্তিতে প্রশিকা সারাদেশে নারী ও পুরুষের আলাদা আলাদা সংগঠন গড়ে তুলেছে। ২০১৮-২০১৯ অবধি প্রশিকা সংগঠিত মোট সমিতির সংখ্যা ১৬,৬৭৯। তার মধ্যে পুরুষ সমিতি ৪,২০৪ টি এবং নারী সমিতি ১২,৪৭৫টি। পুরুষ সমিতির সদস্য সংখ্যা ৭৪,২৫৮ জন এবং নারী সমিতির সদস্য সংখ্যা ২,৮৩,০৮৩ জন। সর্বমোট সদস্য সংখ্যা ২,০৮.৮২৫ জন। ২০১৮-২০১৯ অর্থবছরে মোট ১,৮৪,৮৩৯ জন নারী ও পুরুষ সদস্য প্রশিকা থেকে বিভিন্ন আর্থিক কার্যক্রমের জন্য ৪২৯ কোটি ৮৪ লাখ টাকা ঋণ সহায়তা নিয়েছেন।

কর্মএলাকা সম্প্রসারণ

প্রশিকার কাজ উত্তরোত্তর বৃদ্ধি হচ্ছে। তারই ধারাবাহিকতায় এলাকা সম্প্রসারণ অবধারিত হয়ে উঠেছে। বিগত অর্থবছরে মোট উন্নয়ন এলাকা ছিল ৭৪টি এবং ২০১৮-২০১৯ অর্থবছরে আরও ১৫টি নতুন উন্নয়ন এলাকা গঠন করা হয়েছে। এলাকার সংখ্যা বৃদ্ধি পেয়ে মোট সংখ্যা হয়েছে ৮৯টি। উল্লেখ্য যে, এগুলো বিদ্যমান উন্নয়ন এলাকাগুলোকে ভাগ করে গঠন করা হয়েছে। এই উন্নয়ন এলাকাগুলো ২৯টি জেলার ১০১টি উপজেলায় অবস্থিত।

২. আর্থিক সেবা কর্মসূচি

আর্থিক সেবা প্রশিকার গুরুত্বপূর্ণ কর্মসূচি। এ কর্মসূচির মোট ৬টি কার্যক্রম রয়েছে। সবগুলো কম্পোনেন্টের উদ্দেশ্য হলো গ্রামীণ ও নগর দরিদ্র জনগোষ্ঠীর আর্থিক উন্নয়ন সাধন। সুনির্দিষ্টভাবে বললে দরিদ্র জনগোষ্ঠীর আত্মকর্ম-সংস্থান তৈরি, ব্যবসার প্রসার, সঞ্চয়ের পরিমাণ বৃদ্ধি, কৃষি ও অকৃষি খাতের উন্নয়ন, নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন ও সামগ্রিকভাবে দেশের অর্থনীতিতে অবদান রাখা।

আর্থিক সেবা কর্মসূচির কার্যক্রমসমূহ

ক্ষুদ্রঋণ কার্যক্রম, ক্ষুদ্র অর্থনৈতিক উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি, প্রশিকা সঞ্চয় স্কীম (নিয়মিত), অর্থনৈতিক-সামাজিক নিরাপত্তা স্কীম, মেয়াদী সঞ্চয় স্কীম এবং বিশেষ সঞ্চয় স্কীম।

২.১ ক্ষুদ্রঋণ কার্যক্রম

প্রশিকার বর্তমান ক্ষুদ্রঋণ কার্যক্রমে সাধারণতঃ উৎপাদনশীল কাজের ক্ষেত্রেই গুরুত্ব প্রদান করা হয়। যেমন- হাঁস-মুরগি ও পশু প্রতিপালন, কৃষি উৎপাদন, সবজি উৎপাদন, মৎস্য চাষ, সামাজিক বনায়ন, জৈব সার তৈরি এবং ক্ষুদ্র ব্যবসা। এছাড়াও ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি ও তাদের উদ্যোগকে আরও সম্প্রসারণ করার জন্য বিভিন্ন ক্যাটাগরিতে উদ্যোক্তা ঋণ প্রদান করা হয়। ঋণ প্রদান পরবর্তী বিভিন্ন ধরনের কাজের জন্য দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। এ কর্মসূচির ২০১৮-২০১৯ অর্থ বছরে বিভিন্ন কম্পোনেন্টের (উপাদান) লক্ষ্যমাত্রা কেন্দ্রীয়ভাবে আয়োজিত কর্মশালার মাধ্যমে নির্ধারণ করা হয়। উল্লেখ্য, এ অর্থবছরে উন্নয়ন এলাকার মাঠ কর্মীদের অক্লান্ত পরিশ্রম ও আন্তরিকতার কারণে প্রায় সকল কম্পোনেন্টে ১০০%-এর উপরে অর্জন সম্ভব হয়েছে।

২০১৮-২০১৯ অর্থ বছরের পরিকল্পনা ও অর্জন চিত্র

ক্রমিক	বিবরণ	২০১৮-১৯ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার
১.	সক্রিয় সদস্য	১,৯৪,২০৪	২,০০,২৩১	১০৩%
২.	এলাকা সম্প্রসারণ	১০	১৩	১৩০%
৩.	শাখা সম্প্রসারণ	১৬০	১৬০	১০০%
৪.	ঋণ স্থিতি (কোটি টাকা)	২০৫.২১	২৬১.৩৩	১২৭%
৫.	ঋণ বিতরণ (কোটি টাকা)	৩৪৯.৫৭	৪২৯.৯৬	১২৩%
৬.	সঞ্চয় আদায় (কোটি টাকা)	১০৫.১০	১৩২.৯৩	১২৫%
৭.	আয় (কোটি টাকা)	৬০.০১	৫০.৫৫	৮৪%
৮.	ব্যয় (কোটি টাকা)	৫১.০৪	৫১.০২	১০০%

ক্ষুদ্রঋণ কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের আয় বৃদ্ধির ফলে সৃষ্ট প্রভাব-

এলাচী হালদারের জীবনযুদ্ধের কাহিনী

এলাচী হালদারের বয়স ৫০। স্বামী বীরবল হালদার। বাড়ি গোবিন্দপুর, নবাবগঞ্জ, ঢাকা। দুই ছেলে ও দুই মেয়ে এবং স্বামী নিয়ে তার সংসার।

অর্গানিক মুড়ি তৈরির প্রক্রিয়া, দোহার

এলাচী হালদারের স্বামী মৎস্যজীবী। মাছ ধরেন ইছামতি নদীতে। কিন্তু নদীতে ইদানীং মাছ কম। যে পরিমাণ মাছ পাওয়া যায় তা বিক্রি করে সংসার চালানো সম্ভব হয় না। সন্তানদের ভরণপোষণসহ প্রাত্যাহিক জীবন পরিচালনা কষ্টসাধ্য বিষয় হয়ে দেখা দিয়েছিল। কি করে সংসার চলবে, খাবে, পড়বে এমন ভেবে এলাচী অস্থির হয়ে পড়েন। এসব ভাবতে ভাবতে এলাচীর মাথায় আসলো কিভাবে স্বামীকে কাজে সহযোগিতা করে সংসার জীবন অতিবাহিত করা যায়। ভাবনার এক পর্যায়ে তার মাথায় আসলো সে মুড়ি ভেজে বাজারে বিক্রি করবে।

এ কাজ করা যায় বটে, তবে পুঁজি কোথায়! পুঁজিতো দরকার। এসব নানা দিক ভেবে প্রশিকার উন্নয়ন কর্মীর মাধ্যমে তিনি সমিতির সদস্য হিসেবে মুক্তা মহিলা সমিতিতে (কোড নং-৮৪০) সদস্য হন।

তিনি সমিতিতে নিয়মিত সঞ্চয় জমা শুরু করেন। এক পর্যায়ে ঋণ গ্রহণ করে অর্গানিক মুড়ি ভাজা ও বিপণনের ব্যবসা শুরু করেন। এভাবে তার ব্যবসার প্রসার ঘটতে থাকে। প্রশিকা থেকে ১ লক্ষ টাকা ঋণ নিয়ে এক বৎসরের মুড়ি ভাজার ধান ও লাকড়ী মজুত করেন। শুরু হলো নতুন জীবনযুদ্ধ। প্রতিদিন গড়ে ৩/৪ মণ ধান সিদ্ধ করে প্রতিবেশির উঠানে তা শুকান এবং নিয়মিত চাল তৈরি করে মুড়ি ভাজতে থাকেন। প্রতি সপ্তাহে গড়ে ৭-৮ মণ ধানের মুড়ি বিক্রি করেন। প্রতি মণ মুড়িতে তাঁদের গড় লাভ হতে থাকে ৭০০ টাকা। এতে সপ্তাহে ৫ হাজার ৬ শত টাকার মতো মুড়ি বিক্রি থেকে আয় হতে থাকে। এ লাভ থেকে সাপ্তাহিক কিস্তি পরিশোধ করেও প্রতি সপ্তাহে ৩ হাজার টাকা তাদের সংসারে আয় হিসেবে জমা হতে লাগলো। যা দিয়ে সংসার পরিচালনা করে এক ছেলেকে বিদেশে পাঠালেন। এক মেয়ের বিবাহ দিয়েছেন। এক ছেলে মা-বাবার ব্যবসায় সহযোগিতা করে এবং ছোট মেয়ে পড়াশুনার পাশাপাশি ব্যবসা ও সংসারের কাজে সহযোগিতা করতে থাকে। এভাবেই এলাচী হালদার স্বাবলম্বী হয়ে উঠেন। এলাচীর উন্নতি দেখে প্রতিবেশিরা উদ্যোগী ও উৎসাহিত হয়েছে।

ঋণ কার্যক্রমের অনুপাত বিশ্লেষণ

ক্র.	বিবরণ	ক্রমপুঞ্জিভূত অবস্থান	
		অর্থবছর (২০১৭-২০১৮)	অর্থবছর (২০১৮-২০১৯)
১.	OTR (On Time Recovery Rate)	৯৯%	৯৯%
২.	সদস্য : ঋণী (%)	৫৯%	৬৫%
৩.	কর্মী : সদস্য	৫১৩%	৪৮৪
৪.	কর্মী : ঋণী সদস্য	৩০৬	৩১৬
৫.	কর্মী : সঞ্চয় (লক্ষ)	৪৫.৭৪	৪৪.৭৯
৬.	কর্মী : ঋণস্থিতি (লক্ষ)	৪৪.৪৯	৪৪.৭৯
৭.	সঞ্চয় : ঋণস্থিতি (%)	১০৩%	১০০%

মৃৎশিল্পে সফল গায়ত্রী রাণী

রাজশাহী গোদাগাড়ি উন্নয়ন এলাকার ডুমুরিয়া গ্রামের পালপাড়ার বাসিন্দা গায়ত্রী রাণী। পৈত্রিকভাবে তারা মৃৎ শিল্পের পেশার সাথে যুক্ত। মাটির হাড়ি-পাতিল, কলস প্রভৃতি তৈরি করাই তাদের প্রধান কাজ। কিন্তু বর্তমানে মাটির তৈরি এসব জিনিসের ব্যবহার প্রায় নাই বললেই চলে। রকমারী প্লাস্টিক পণ্যের উৎপাদন ও ব্যবহার তাদের পেশাকে ঝুঁকির মধ্যে ফেলেছে। তাই অভাব অনটন তাদের নিত্যসঙ্গী। একবেলা কালাই রুটি আর একবেলা ভর্তা ভাত খেয়ে তাদের দিন অতিবাহিত হতো।

মৃৎশিল্প কর্ম, গোদাগাড়ি

সংসার জীবনের নানা ঘাত-প্রতিঘাত নিয়ে গায়ত্রী রাণী প্রশিকা সংগঠিত প্রাথমিক সমিতির সাথে যুক্ত হয়। সমিতির নাম বঙ্গনারী মহিলা সমিতি। কোড নং-২৪২। নিয়মিত সমিতির সভা-সঞ্চয় করে তিনি ৩০ হাজার টাকা ঋণ গ্রহণ করেন। ঋণের টাকা দিয়ে গায়ত্রী রাণী এবং তার স্বামী মেঘু পাল আরো জোড়ালোভাবে কাজ শুরু করেন। পৈত্রিক ব্যবসায় পুরো টাকাই বিনিয়োগ করে। এবার আগের তৈরি হাড়ি, পাতিল ছাড়াও নতুন যোগ হয় দই এর পাত্র তৈরির কাজ। রাজশাহী এবং চাঁপাই নবাবগঞ্জের বড় বড় দই উৎপাদনকারীদের সাথে আলোচনা করে তাদেরকে দই-এর পাতিল সরবরাহ শুরু করেন। এরপর আর তাকে পিছনে ফিরে তাকাতে হয় নাই। প্রতিদিন প্রায় ৪ শত পাতিল তৈরি করেন। এভাবে তাদের তৈরি হাড়ি-পাতিলের চাহিদা দিন দিন বৃদ্ধি পেতে থাকে। চাহিদা বৃদ্ধির সাথে সাথে তারা বৈদ্যুতিক যন্ত্র চালিত চাকতি এবং উৎপাদিত পণ্য বাজারজাত করার জন্য ভ্যান ক্রয় করেন।

বর্তমানে গায়ত্রী রানীর সংসারে আর অভাব অনটন নাই। দুই কন্যাকে বিবাহ দিয়েছেন, পুত্রকে পলিটেকনিকে লেখাপড়া করাচ্ছেন, দুটি দুধের গাভী ক্রয় করাসহ একটি ঘরও করেছেন। কুমোরের কাজ সাধারণত পুরুষেরা করে এটাই সবার ধারণা থাকলেও গায়ত্রী রাণী প্রমাণ করেছেন কেবল পুরুষেরা নয়, সুযোগ পেলে নারীরাও এসব কাজে সফল হতে পারে। গায়ত্রী রাণী পাল মৃৎশিল্পে একজন সফল নারী ।

আর্থিক সেবা কর্মসূচি প্রশিকার সংগঠিত সমিতি সদস্যদের সঞ্চয়ের উপরেই নির্ভরশীল। কেননা এ অর্থবছরে কোনো ব্যাংক কিংবা আর্থিক প্রতিষ্ঠান হতে কোনো ধরনের ঋণ সহায়তা পাওয়া যায়নি। এতদসত্ত্বেও এ আর্থিক বছরে ঋণ পোর্টফোলিও'র পরিমাণ উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি পেয়েছে।

এ কার্যক্রমের অধীনে সর্বমোট ৩১% পুরুষ সদস্য ৬৯% নারী সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। এ কার্যক্রমের সহায়তায় প্রায় ৩১% সদস্য এ অর্থবছরে স্বাবলম্বী হয়েছে। একই সাথে তাদের সঞ্চয়ের পরিমাণও বৃদ্ধি পেয়েছে। তারা উপার্জিত অর্থের একটি অংশ উৎপাদনমূলক কার্যক্রমে বিনিয়োগের জন্য সঞ্চিত রেখেছে।

২০১৮-২০১৯ অর্থ বছরে প্রশিকার ঋণ কার্যক্রমের উল্লেখযোগ্য সাফল্য হলো জুন ২০১৯ পর্যন্ত ঋণ পোর্টফোলিও হয়েছে ২৬১.৩৩ কোটি টাকা। ২০১৮ জুন পর্যন্ত পোর্টফোলিও ছিল ১৮৪.২৭ কোটি টাকা। নিম্নে ঋণ পোর্টফোলিও বৃদ্ধি, সঞ্চয় ও পোর্টফোলিওর প্রবণতা এবং আয়-ব্যয়ের অবস্থা লেখচিত্রের মাধ্যমে দেখানো হলো।

আয়-ব্যয়ের প্রান্তিকভিত্তিক প্রবণতার চিত্র



Portfolio Vs Savings Trend











ঋণ কার্যক্রমের মাধ্যমে অনেক সমিতির সদস্য আর্থিক ও সামাজিকভাবে উপকৃত হয়েছে তাদের আর্থিক ও পারিবারিক জীবন অনেকাংশে সচ্ছল হয়েছে। তাদের জীবনে যে পরিবর্তন হয়েছে তার একটি প্রত্যক্ষ উদাহরণ নিম্নের কেস স্টাডির মাধ্যমে তুলে ধরা হলো-

একজন নারীর সম্পদ অর্জনের কথা

মোছাঃ জহুরা বেগম, সদস্য কোড-০১, সহচরি মহিলা সমিতি, প্রশিকা ডোমার উন্নয়ন এলাকার একজন সদস্যা। সদস্য পদ লাভের পর থেকে তিনি প্রশিকার মানবিক, সাংগঠনিক ব্যবস্থাপনা ও উন্নয়ন দক্ষতা বিষয়ে প্রশিক্ষণ পান। এসব প্রশিক্ষণ জহুরা বেগমের সংগঠন পরিচালনা, প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া ও আর্থিক স্বাবলম্বী হয়ে উঠার ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করেছে বলে তিনি মনে করেন।

জহুরা বেগম, অদম্য নারী ব্যবসায়ী, ডোমার

তিনি প্রথমে ৩০ হাজার ও পরে ৫০ হাজার টাকা প্রশিকা থেকে ঋণ নিয়ে স্থানীয় বাজারে বাসনপত্রের দোকান দেন। স্বামী ও জহুরা উভয়ে মিলে এ ব্যবসাটি চালাতে থাকেন। ব্যবসা ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে থাকে। তারা যৌথশ্রমে ব্যবসার সম্প্রসারণ করতে সক্ষম হন। এ ব্যবসার মুনাফা থেকে জহুরা বেগম ২৮ শতাংশ জমি কিনেছেন। যার বর্তমান বাজারমূল্য প্রায় ২৮ লক্ষ টাকা। একই সাথে ৭ লক্ষ টাকা ব্যয়ে একটি পাকা বাড়ি নির্মাণ করেছেন। বর্তমানে তার দুটি দোকানে ১২ লক্ষ টাকা পুঁজি বিনিয়োজিত আছে। জমি, বাড়ি ও দোকানের পুঁজি মিলে তার অর্থের পরিমাণ দাড়িয়েছে প্রায় ৪৭ লক্ষ টাকা। ছেলে, পুত্রবধূ ও স্বামী নিয়ে তিনি বর্তমানে সুখে আছেন। জহুরা বেগম এলাকায় একজন সফল ও পরিশ্রমী নারী হিসেবে পরিচিতি লাভ করেছেন। তিনি চান তার এলাকার নারী সংগঠনের সদস্যগণও তার মতো আত্মনির্ভরশীল হিসেবে গড়ে উঠুক।

২.২ সঞ্চয় কার্যক্রম

দরিদ্র জনগোষ্ঠীর সারা বছর কর্মসংস্থান থাকে না। অসুখ-বিসুখের সময় তাদের জীবন-জীবিকা পরিচালনা ও চিকিৎসার জন্য কোনো বাড়তি অর্থ জমা থাকে না। অধিকাংশ ক্ষেত্রেই তারা অগ্রিম শ্রম বিক্রি অথবা যৎসামান্য যা সম্পদ থাকে তা বিক্রি করে জীবন নির্বাহ করে। প্রশিকা এ সকল দরিদ্র জনগোষ্ঠীকে সমিতি গঠনের মাধ্যমে সাপ্তাহিক সঞ্চয় করার জন্য 'প্রশিকা সঞ্চয় স্কীম নামে' কার্যক্রম চালু করে। দরিদ্রদের জীবন ও সম্পত্তির নিরাপত্তা প্রদানের ক্ষেত্রে এ স্কীম একটি অনন্য উদ্যোগ। এ স্কীমের অধীনে ২০১৮-২০১৯ সালে ১৯৩১৪৭ জন সদস্য সঞ্চয় জমা করেছেন। বিগত বছরের তুলনায় এ খাতে সঞ্চয়ের পরিমাণ অনেক বৃদ্ধি পেয়েছে। ২০১৯ সালের জুন পর্যন্ত মোট সঞ্চয় স্থিতি ২৫৯.৯৮ কোটি টাকা।

প্রশিকাতে মোট ৪ ধরনের সঞ্চয় স্কীম বিদ্যমান আছে। এ খাতসমূহে সঞ্চয়ের পরিমাণ বিগত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। প্রশিকার সঞ্চয় স্কীমসমূহ সম্পর্কে নিম্নে আলোকপাত করা হলো-

২.২.১ প্রশিকা সঞ্চয় স্কীম (নিয়মিত)

এ সঞ্চয় স্কীম হলো সংগঠিত সমিতির সদস্যদের নিয়মিত সঞ্চয় জমাদান কার্যক্রম। এ সঞ্চয় স্কীমে প্রতি সদস্য প্রতি সপ্তাহে নির্ধারিত পরিমাণ সঞ্চয় নিয়মিত জমা করে। এ সঞ্চয়ের পরিমাণ গ্রামাঞ্চলে প্রতি সদস্য ন্যূনতম ৫০.০০ (পঞ্চাশ) টাকা এবং শহরাঞ্চলে ন্যূনতম ১০০.০০ (একশত) টাকা। এ অর্থবছরে সঞ্চয় স্কীমে মোট ৭১.৬৬ কোটি টাকা সঞ্চয় জমা হয়েছে।

২.২.২ অর্থনৈতিক-সামাজিক নিরাপত্তা স্কীম

এ সঞ্চয় কার্যক্রমে দলীয় সদস্যগণ প্রত্যেকে প্রতিমাসে সর্বনিম্ন ২ দুইশত টাকা থেকে সর্বোচ্চ ১ হাজার টাকা হারে স্বেচ্ছায় সঞ্চয় জমা করতে পারে। এ কার্যক্রমের উদ্দেশ্য হচ্ছে সমিতির সদস্যদের চিকিৎসা সুবিধা দেওয়া, তাদের ছেলেমেয়েদের লেখাপড়ার জন্য বৃত্তি প্রদান, জমি ক্রয়, বাড়ি তৈরি ও আইনি সহায়তা প্রদান করা। এ অর্থবছরে এ খাতে মোট ২৫.৬৫ কোটি টাকা জমা হয়েছে।

এই স্কীমের আওতায় শিক্ষাবৃত্তি প্রদান

এ কর্মসূচির অংশ হিসেবে প্রশিকা বাঁশখালী উন্নয়ন এলাকার নাপোড়া গ্রামের সম্পর্ক পুরুষ সমিতি, কোড নং-১০৭২ এর ২১ নং সদস্য বাবু সমীরণ দেব হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করলে তার কন্যা শতাব্দী দেব ও পুত্র সংকেত দেবকে তার পিতার সঞ্চয়ের দ্বিগুণ অর্থ হিসাবে ২৮ হাজার ২২৪ টাকা এবং বৃত্তি হিসেবে ৪ হাজার টাকা চেকের মাধ্যমে প্রদান করা হয়। শতাব্দী দেব ও সংকেত দেব বর্তমানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে।

শিক্ষাবৃত্তির চেক প্রদান, বাঁশখালী

২.২.৩ মেয়াদী সঞ্চয় স্কীম

সদস্যরা নিয়মিত সঞ্চয় স্কীমে সঞ্চয় জমা করার পাশাপাশি তাদের উদ্বৃত্ত অর্থ এ স্কীমে এককভাবে এককালীন 'মেয়াদী সঞ্চয় স্কীম' এ জমা রাখতে পারে। এই অর্থবছরে ৭.৫০ কোটি টাকা এই স্কীমে সঞ্চয় জমা হয়েছে।

২.২.৪ বিশেষ সঞ্চয় স্কীম

সমিতির সদস্যদের ঋণ চাহিদা পূরণ ও সঞ্চিত অর্থের সুবিধা প্রদানের জন্য এ স্কীমটি চালু করা হয়। এ স্কীমের আওতায় সদস্যরা স্বেচ্ছায় নির্দিষ্ট পরিমাণ টাকা সঞ্চয় করলে প্রতিমাসে তাদেরকে নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রদান করা হয়। এ অর্থবছরে এ খাতে সর্বমোট ২৬.৮১ কোটি টাকা জমা হয়েছে।

২.২.৫ সদস্যদের সঞ্চয় ফেরত

সঞ্চয় জমা ও উত্তোলন আর্থিক সেবা কর্মসূচির একটি চলমান প্রক্রিয়া। এ প্রক্রিয়ার অংশ হিসেবে এ আর্থিক বছরে সদস্যদেরকে সার্ভিস চার্জসহ মোট ৬৬.১৬ কোটি টাকা ফেরত দেয়া হয়েছে ।

২.৩ আর্থিক সেবা ঝুঁকি ব্যবস্থাপনা তহবিলের ব্যবহার

দলীয় সদস্যদের পরিবারের উপার্জনক্ষম ব্যক্তির মৃত্যুজনিত কারণে ঋণের ঝুঁকি হ্রাস করার জন্য আর্থিক সেবা ঝুঁকি ব্যবস্থাপনা তহবিল ও সদস্য কল্যাণ তহবিলে গ্রহণকৃত ঋণের ১% হারে মোট ১৪.৫৩ কোটি টাকা আদায় হয়েছে। এ অর্থ বছরে মোট ১৯৫ কোটি টাকা এ তহবিল থেকে প্রদান করা হয়েছে।

সংস্থার নীতিমালা অনুযায়ী সদস্যা বা তার স্বামী মারা গেলে তাদের অপরিশোধিত ঋণ মওকুফ করা হয়। এছাড়া বন্যা, খরা, প্রাকৃতিক দুর্যোগ, মহামারী, আগুনে পোড়া, শারীরিক অক্ষমতা, মানসিক বিকারগ্রস্ততাজনিত কারণসহ দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে সদস্যদের এ তহবিল থেকে সহায়তা করা হয়।

২.৪ ক্ষুদ্র অর্থনৈতিক উদ্যোগ উন্নয়ন

প্রশিকার এ কর্মসূচি থেকে সমিতির যে সকল সদস্য প্রয়োজনীয় অধিকতর আর্থিক সক্ষমতা ও দক্ষতা অর্জন করেছে তাদেরকে ব্যবসা, ক্ষুদ্র শিল্প কারখানা ও কৃষি খামার প্রতিষ্ঠার জন্য ঋণ প্রদান করছে। একই সাথে তাদেরকে কারিগরি সহায়তা, আনুষ্ঠানিক প্রশিক্ষণ, ব্যবসায়িক ধারণা ও পরামর্শ প্রদানসহ পণ্য বাজারজাতকরণে সহায়তা প্রদান করা হয়। ২০১৯ সালের ৩০ জুন, অবধি প্রশিকার ৮৯টি উন্নয়ন এলাকার প্রায় মোট প্রকল্পের ৩০% সদস্য (এর মধ্যে প্রায় ৬০% নারী) এ কর্মসূচি থেকে ঋণ নিয়ে নানা ধরনের আর্থিক প্রকল্প বাস্তবায়ন করেছে। উক্ত সময়ের মধ্যে এসব ব্যবসা প্রতিষ্ঠান, ক্ষুদ্র শিল্প কারখানা এবং কৃষি খামারে বেশ কিছু সংখ্যক লোকের কর্মসংস্থান তৈরি হয়েছে।

ক্ষুদ্র শিল্প উন্নয়ন প্রকল্পের সফল বাস্তবায়নের মাধ্যমে মানুষের জীবনমান উন্নয়ন হয়েছে এমন একজন উদ্যোক্তার অভিজ্ঞতার কেস্‌স্টাডি উপস্থাপন করা হলো-

রওশন আরার জীবনের গল্প

রওশন আরা, স্বামী আবদুল মান্নান, গ্রাম-উত্তর পাড়া, উপজেলা-দোহার, জেলা-ঢাকা, প্রশিকা সংগঠিত নারী গ্রুপের একজন সদস্য। তার সমিতির কোড নং ৭৩৭ ও সদস্য নং-২৪।

তাঁতশিল্পী রওশন আরা, দোহার

বিবাহিত জীবনের ১৫ বছর শেষে তার স্বামীর অকাল মৃত্যু ঘটে। স্বামীহারা রওশন আরা সন্তানদের খাওয়া-পড়া, চিকিৎসা, শিক্ষা এসব মৌলিক চাহিদা পূরণ করতে অক্ষম হয়ে পড়েন। উল্লেখ্য, স্বামী বেঁচে থাকাকালে তিনি প্রশিকার সাথে যুক্ত হন। সংসারের ভারে তিনি দিশেহারা না হয়ে প্রথমে প্রশিকা থেকে ১০ হাজার টাকা ঋণ নিয়ে তাঁতের কাপড় বুননে বিনিয়োগ করেন।

প্রথমদিকে তিনি নিজে সুতা প্রক্রিয়াজাত-করণের কাজ করতেন পরে দৈনিক মজুরির ভিত্তিতে বুননের অপরাপর কাজগুলি অন্যদের দ্বারা সম্পাদন করাতেন। তার ছেলেমেয়েরা তাঁতের কাজে তাকে সহযোগিতা করতে থাকে। ছেলেমেয়েদের এ কাজে অংশগ্রহণ করানোর মাধ্যমে রওশন আরার যেমন উদ্যোক্তা চেতনা গড়ে উঠেছে তেমনি ক্ষুদ্র পুঁজিকে শ্রম, অধ্যবসায় এবং মানবিক সম্পদের সুষ্ঠু ব্যবহারের দক্ষতা ও নেতৃত্বের গুণাবলীর প্রকাশ ঘটেছে। তারই ফলস্বরূপ, রওশন আরা বর্তমানে ৪টি তাঁতের মালিক হতে পেরেছেন।

দুই ছেলের আয় ও তাঁতের আয় দিয়ে রওশন আরার সংসার স্বাচ্ছন্দে চলছে। ইতোমধ্যে তাঁতের সংখ্যা বৃদ্ধির জন্য প্রশিকা থেকে মোট ৩ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। তাঁতের আয় থেকে তিনি ঋণের কিস্তি পরিশোধ করেছেন। তার প্রচেষ্টায় গড়ে উঠা তাঁত শিল্পে এলাকার ৪ জন লোকের কর্মসংস্থান হয়েছে।

রওশন আরা এখন সমাজে মর্যাদাবান, কর্মসংস্থান দাতা, আত্মনির্ভরশীল ক্ষুদ্র উদ্যোক্তায় পরিণত হয়েছেন।

৩. সামাজিক উন্নয়ন কর্মসূচি

৩.১ মানবিক উন্নয়ন প্রশিক্ষণ

দরিদ্র অসংগঠিত জনগোষ্ঠীকে অর্থনৈতিকভাবে আত্মনির্ভরশীল করে গড়ে তোলার পাশাপাশি তাদের সংগঠন তৈরি করা, নেতৃত্বের বিকাশ ঘটানো, প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়ন দক্ষতা, সামাজিক পরিস্থিতি বিশ্লেষণ ও সমস্যা সমাধানের কৌশল নির্ধারণের সক্ষমতা গড়ে তোলার ব্যাপারে প্রশিকা গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করে আসছে।

নতুন কর্মীদের ওরিয়েন্টেশন কোর্স, আরএইচআরডিসি, ময়মনসিংহ

২০১৮-২০১৯ অর্থবছরে প্রশিকার কর্মীদের জন্য তিন ধরনের ১৪টি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়েছে। কোর্সগুলো হলো- Basic Computer Literacy & Software Management, নতুন নিয়োগকৃত কর্মীদের জন্য ওরিয়েন্টেশন, Book keeping, Credit & Financial Mgt. মোট প্রশিক্ষার্থীর সংখ্যা ১৭৬ জন, নারী-৪৭ জন, পুরুষ-১২৯ জন।

৩.২ প্রতিবন্ধী মানুষের উন্নয়ন

প্রশিকা বাংলাদেশে প্রতিবন্ধী মানুষকে উন্নয়নের মূলধারায় নিয়ে আসা এবং সমাজে তাদের ব্যাপারে যে নেতিবাচক দৃষ্টিভঙ্গি রয়েছে তা পরিবর্তনের লক্ষ্যে এ কর্মসূচি বাস্তবায়ন করছে।

আন্তর্জাতিক প্রতিবন্ধি দিবস উপলক্ষে র‍্যালী, ঢাকা

২০১৮-২০১৯ অর্থবছরে এ কর্মসূচির মাধ্যমে প্রতিবন্ধিতা বিষয়ে এলাকাভিত্তিক সচেতনতামূলক সভা, ডায়াবেটিস ও রক্তচাপ স্ক্রিনিং কার্যক্রম, প্রতিবন্ধি দিবস পালন, প্রতিবন্ধি মানুষের কল্যাণে কাজ করে এরকম প্রতিষ্ঠানের সাথে নেটওয়ার্কিং, প্রতিবন্ধিদের চিকিৎসা সহায়তা প্রদান এবং প্রতিবন্ধিতা বিষয়ক উপকরণ সংগ্রহ ও বিতরণ (পোস্টার, ফ্লিপচার্ট ইত্যাদি) করা হয়েছে।

৩.৩ নারী উন্নয়ন ও ক্ষমতায়ন

প্রশিকা সমাজ উন্নয়নমূলক কাজের শুরু থেকে নারীদের আর্থ-সামাজিক উন্নয়ন ও আইনী অধিকার লাভের বিষয়ে গুরুত্বারোপ করে আসছে। পরিবার, সমাজ ও রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠানে নারীর প্রবেশাধিকার বৃদ্ধি ও নেতৃত্ব বিকাশের জন্য বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ন করছে। নারী নেতৃত্বের বিকাশ ও আত্মনির্ভরশীলতা অর্জন এবং ক্ষমতায়নের জন্য প্রশিকা ২০১৮-২০১৯ অর্থবছরে বিশেষ কার্যক্রম বাস্তবায়ন করেছে। উল্লেখ্য, প্রশিকা সংগঠিত সমিতিগুলোর মধ্যে পুরুষ সমিতির সংখ্যার চেয়ে নারী সমিতির সংখ্যা বেশি। এ কর্মসূচির প্রধান উদ্দেশ্য হলো সমাজে নারী অধিকার, সাম্য ও মর্যাদা প্রতিষ্ঠা করা। এ অর্থবছরে ৫টি উন্নয়ন এলাকায় কর্মী ও সমিতির সদস্যদের অনানুষ্ঠানিক আলোচনা ও উঠান বৈঠকের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির কাজ করা হয়েছে। এ কর্মসূচির মাধ্যমে বাল্যবিবাহ রোধ, বহুবিবাহ বন্ধ, নারী নির্যাতন রোধ এবং আইনী অধিকার অর্জনে সহায়ক ভূমিকা রেখেছে।

নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন বিষয়ক উঠোন বৈঠক, গাইবান্ধা

৩.৩.১ দরিদ্র নারী ও কিশোর-কিশোরী উন্নয়ন

এ অর্থবছরে প্রশিকা চট্টগ্রাম মহানগরীর ডবলমুরিং থানার ২৪নং ওয়ার্ডে তালাক, স্ত্রী নির্যাতন, খরপোষ না দেওয়ার মতো মামলা মীমাংসা করার উদ্যোগ গ্রহণ করেছে। তারমধ্যে ১৩টি অভিযোগ আইনীভাবে মোকাবেলা করার প্রক্রিয়াধীন রয়েছে। ১০টি ঘটনা সমাধানের প্রক্রিয়ায় রয়েছে।

সংক্ষেপে বলা যায়, কমিউনিটির জনগণের মধ্যে সরকারের উদ্যোগের পাশাপাশি প্রশিকার উদ্যোগ কার্যকর প্রভাব তৈরি করছে। তাদেরকে আইনী সহায়তা প্রদানের পাশাপাশি সচেনতনতা বৃদ্ধিমূলক, পারিবারিক সংহতি ও পারিবারিক শান্তির গুরুত্ব সম্পর্কে আলোচনা সভা করা হয়েছে।

৩.৪ সামাজিক বনায়ন ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি মোকাবেলা

২০১৮-২০১৯ অর্থবছরে বনায়ন কর্মসূচির অন্তর্ভুক্ত দেশের বিভিন্ন অঞ্চলে তথা ৭টি উন্নয়ন এলাকায় রোপিত গাছ বিক্রি করে প্রশিকা সর্বমোট ২১ লক্ষ ১৬ হাজার ৮৯৬ টাকা উপার্জন করেছে। উল্লেখ্য, গাছ বিক্রি থেকে অর্থ লাভের পরিকল্পনা ছিল ১৫ লক্ষ টাকা। পরিকল্পিত অর্থের চেয়ে ৬ লক্ষ টাকা বেশি অর্জিত হয়েছে। এ অর্থবছরে যেসব উন্নয়ন এলাকার গাছ বিক্রি থেকে অর্থ উপার্জিত হয়েছে, সেগুলি হচ্ছে কালকিনি, চাঁপাই নবাবগঞ্জ, গাজীপুর, সিঙ্গাইর, ঘাটাইল, মির্জাপুর ও আখাউড়া উন্নয়ন এলাকা। যেসব রাস্তার গাছ বিক্রি হয়েছে সেসব রাস্তায় নতুন করে গাছ রোপণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সামাজিক বনায়ন গ্রুপ, মুকসুদপুর

৩.৫ পরিবেশসম্মত কৃষি

বিগত তিন দশক ধরে প্রশিকা বাংলাদেশে পরিবেশ অনুকূল কৃষি উৎপাদন পদ্ধতি অনুসরণ করে পরিবেশসম্মত কৃষি সম্প্রসারণের চেষ্টা করে আসছে। এরই অংশ হিসেবে জৈব তথা অর্গ্যানিক কৃষি চাষে অগ্রণী ভূমিকা রাখছে। ১৯৬০-এর দশকে উচ্চ ফলনশীল শস্য চাষের প্রক্রিয়ায় কৃষিতে রাসায়নিক সার ও কীটনাশকের ব্যাপক ব্যবহার শুরু হয়। দীর্ঘদিন রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহারের ফলে জমির উর্বরতা শক্তি হ্রাস পায়। এর ফলে ফসলের পক্ষে উপকারী অনেক কীট পতঙ্গ ধ্বংস হয়ে যায়। রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করে উৎপাদিত কৃষিজাত ফসল মানুষসহ সকল প্রাণীর শরীরের ক্ষতি হয়। কৃষি ক্ষেত্রে এ রকম ক্ষতিকর প্রভাব প্রতিরোধের জন্য প্রশিকা জৈব পদ্ধতিতে পরিবেশ কৃষি কর্মসূচি চালু করে। এ কর্মসূচির মাধ্যমে গোবর সার, কচুরিপানা, গাছের পাতা ইত্যাদি পঁচিয়ে সার হিসাবে ব্যবহার করে প্রশিকার দলীয় সদস্যগণকে ফসল উৎপাদনে উৎসাহিত ও উদ্বুদ্ধ করা হয়। এ অর্থবছরে প্রায় ১৮৮৫ একর জমিতে পরিবেশ-সম্মত কৃষি কর্মসূচির আওতায় ধান ও সবজি চাষ করা হয়েছে। প্রাকৃতিক উপায়ে উৎপাদিত ফসল মাটি ও মানুষের স্বাস্থ্যের পক্ষে হিতকর-এ বিষয়টি কৃষি ক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন ঘটায়। অর্গ্যানিক কৃষিতে প্রশিকার এ উদ্যোগ দেশে-বিদেশে প্রশংসিত হয়েছে।

অর্গানিক আলু বীজ উৎপাদন, রংপুর

৩.৬ মাদকাসক্তি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি

এ কর্মসূচিটি প্রশিকায় এ আর্থিক বছরে চালু করা হয়েছে। বাংলাদেশে মাদকের ব্যাপক বিস্তারের ফলে বিশেষতঃ যুব সমাজ এর প্রতি বেশি মাত্রায় আসক্ত হয়ে পড়ছে। ফলে যুব সমাজের অবক্ষয়, পরিবার ও সমাজে বিশৃঙ্খলা, আর্থিক ক্ষতি, শারীরিক ও মানসিক ক্ষতি ও অবসাদ মারাত্মক আকার ধারণ করেছে। যুব সমাজের শক্তি ও মেধা যাতে সমাজের উন্নয়নের কাজে প্রয়োগ করা, মাদকাসক্তদের পরিবারে শান্তি স্থাপন ও আর্থিক দূরাবস্থা থেকে মুক্ত করার লক্ষ্যে প্রশিকা এ কর্মসূচিটি গ্রহণ করেছে।

মাদাকাসক্তি প্রতিরোধে শপথ গ্রহণ, ধামরাই

এ অর্থবছরে এ কর্মসূচির মাধ্যমে ঢাকা জেলার ধামরাই উপজেলায় কাওয়াখোলা গ্রামে মিতালী সংসদের উদ্যোগে বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে প্রদত্ত সংবর্ধনা অনুষ্ঠান প্রাঙ্গনে একটি স্টল স্থাপন করা হয়।

এ প্রচার অভিযান উপলক্ষ্যে ২০টি পোস্টার, ৫টি ফেস্টুন, ৫টি বিভিন্ন ক্যাপশন যুক্ত ব্যানার তৈরি ও সেগুলো অনুষ্ঠান প্রাঙ্গনে প্রচারের জন্য প্রদর্শন করা হয়। এছাড়া মাদক বিরোধী প্রচারণার অংশ হিসেবে ৫ হাজার কপি হ্যান্ডবিল ছাপানো হয়। উক্ত অনুষ্ঠানে হ্যান্ডবিলসমূহ জনগণের মাঝে বিতরণ করা হয়। এ কর্মসূচি উন্নয়নের অংশ হিসাবে ৫টি হ্যান্ড আউট তৈরি করা হয়।

এছাড়া কেন্দ্রীয় (ঢাকায়) পর্যায়ে ২৬ শে জুন ২০১৯ তারিখে আন্তর্জাতিক মাদক প্রতিরোধ দিবস পালন করা হয়। এ উপলক্ষে ঢাকার মিরপুরে একটি বিশাল র‍্যালীর আয়োজন করা হয়।

৩.৭ দুর্যোগ ব্যবস্থাপনা, ত্রাণ ও পুনর্বাসন

দুর্যোগ পরবর্তীকালে আক্রান্ত মানুষের মৌলিক প্রয়োজনীয় উপকরণ যেমন শুকনো খাবার, নিরাপদ পানীয় জল সরবরাহ, মেডিকেল ক্যাম্প স্থাপনের মাধ্যমে আক্রান্ত ও অসুস্থ মানুষের সেবা প্রদান, ফসলের বীজ সরবরাহ, গৃহ নির্মাণের উপকরণ যোগান দেওয়া এ কর্মসূচির গুরুত্বপূর্ণ দিক। এই অর্থবছরে গাইবান্ধা উন্নয়ন এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে ১ লক্ষ টাকার শুকনো খাবার বিতরণ করা হয়। ক্ষুদ্রঋণের কিস্তি আদায় ২ মাসের জন্য স্থগিত করা হয়।

বহুমুখী সাইক্লোন শেল্টার

বিগত দিনে প্রশিকা উপকূলীয় অঞ্চলের মানুষকে সামুদ্রিক জলোচ্ছ্বাস থেকে রক্ষার জন্য নোয়াখালীর হাতিয়া, ভোলার চরাঞ্চল, বাঁশখালীতে সাগর তীরবর্তী অঞ্চলে ৯টি সাইক্লোন শেল্টার নির্মাণ করেছে। এ সাইক্লোন শেল্টারগুলোতে সাইক্লোনের আগে মানুষকে আশ্রয় গ্রহণ এবং সারা বছর বিদ্যালয় হিসেবে ব্যবহারের ব্যবস্থা করা হয়েছে। প্রশিকা নির্মিত সাইক্লোন শেল্টারগুলো সরকারি প্রাথমিক বিদ্যালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। উল্লেখ্য, প্রশিকা নোয়াখালী জেলার হাতিয়ায় মোট ৪টি সাইক্লোন শেল্টার নির্মাণ করেছে। এসব অঞ্চলের মানুষ প্রশিকা নির্মিত সাইক্লোন শেল্টারের মাধ্যমে উপকৃত হচ্ছে। তাদের অস্থাবর ও স্থাবর সম্পদ রক্ষা করার জন্য এ কর্মসূচি আরও উদ্যোগ গ্রহণ করবে।

স্কুল কাম সাইক্লোন সেল্টার, হাতিয়া

প্রশিকা পল্লী ঃ নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন প্রকল্প

চাঁপাই নবাবগঞ্জ সদর উপজেলার ১৪টি ইউনিয়নের ৮টি ইউনিয়ন পদ্মা ও মহানন্দা নদীর চরাঞ্চলে অবস্থিত। এ অঞ্চল নদীভাঙ্গন প্রবণ এলাকা। নদী ভাঙনের কবলে পড়ে মানুষ জমিজমা, ভিটে-বাড়ি ও জমির ফসল হারিয়ে অর্ধাহারে, অনাহারে দিন কাটায়। এ রকম দুর্দশা থেকে নিঃস্ব মানুষকে আবাসিক নিরাপত্তা প্রদানের লক্ষ্যে প্রশিকা এ এলাকায় নদী শিকস্তি প্রকল্প গ্রহণ করে। জমি-জমা, বাড়ি-ঘর নদী গর্ভে বিলীন হয়ে গেছে এ রকম ১৬১টি পরিবার বাছাইয়ের মাধ্যমে "প্রশিকা পল্লী" নির্মাণ করে পুনর্বাসন করা হয়।



প্রশিকা পল্লী, চাঁপাই নবাবগঞ্জ

প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রথম পর্যায়ে বাংলাদেশ ব্যাংক থেকে ঋণ নিয়ে প্রশিকা মোট ২৭টি ঘর নির্মাণ করে। অবশিষ্ট ঘর নির্মাণের জন্য বাংলাদেশে ব্যাংক থেকে আর ঋণ পাওয়া যায়নি। ২৭টি ঘরের মধ্যে ২২টি পরিবারকে ২২টি ঘরের জন্য ১০ বছর মেয়াদে ৫ লক্ষ ১৪ হাজার ৩৮ টাকা সাপ্তাহিক কিস্তির ভিত্তিতে ঋণ প্রদান করা হয়। অবশিষ্ট ১২০টি পরিবারকে স্বল্প মূল্যে ৩ শতাংশ করে জমি রেজিষ্ট্রি করে ভূমিহীনদের হাতে দলিল প্রদান করা হয়। দলিলপ্রাপ্তদের মধ্যে ৫৫টি পরিবার বর্তমানে এ প্রকল্পের বাড়িতে বসবাস করছে। তাদের ছেলেমেয়েরা স্কুল-কলেজে লেখাপড়া করছে। পরিবারের মহিলারা 'আশার আলো' নামের একটি সমিতি গঠন করেছে। মোট ৪৯ জন নারী সদস্য নিয়মিত সঞ্চয় জমা করে।

৩.৮ ডেঙ্গু প্রতিরোধ

বাংলাদেশে ডেঙ্গু জ্বর বিগত কয়েক বছর ধরে ব্যাপক বিস্তার লাভ করেছে। এ জ্বরে আক্রান্ত হয়ে সব বয়সের অনেক মানুষের প্রাণহানি ঘটছে। সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের পাশাপাশি প্রশিকা ডেঙ্গু প্রতিরোধে নানা ধরনের উদ্যোগ গ্রহণ করেছে।

ডেঙ্গু প্রতিরোধে সচতনতামূলক উঠোন বৈঠক. নাচোল

এ মরণব্যাধি থেকে মানুষকে রক্ষা করার লক্ষ্যে জনসচেতনতা গড়ে তোলার জন্য এ অর্থবছরে ৮৯টি উন্নয়ন এলাকায় বিভিন্ন সচেতনতামূলক সভা, র‍্যালী এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রম বাস্তবায়ন করেছে। একই সাথে সচেতনতামূলক সভা, কমিউনিটি সভা, স্থানীয় গণ্যমান্য লোকজনদের সাথে বৈঠক এবং স্থানীয় প্রশাসনের সাথে যৌথ উদ্যোগে র‍্যালী, পথসভা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

এ সব সভায় পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, জলাবদ্ধতা দূরীকরণ, ডেঙ্গু জ্বর হলে রোগীকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া, মশারী টাঙিয়ে ঘুমানো, মশার কয়েল জ্বালানো, নিয়মিত ঔষধ-পথ্য খাওয়া ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য জনগণের প্রতি আহ্বান জানানো হয়। এছাড়া প্রশিকার পক্ষ থেকে বিভিন্ন এলাকায় ডেঙ্গু প্রতিরোধ বিষয়ক পোস্টার ও লিফলেট বিতরণ করা হয়।

৩.৯ জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন

অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ যথাযোগ্য গুরুত্ব ও মর্যাদার সাথে পালন করা হয়েছে। এসব দিবস পালনের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি ও জাতীয় কর্তব্য পালনে স্পষ্ট ভূমিকা রেখে আসছে।

২০১৮-২০১৯ অর্থবছরে যে সকল দিবস উদযাপন করা হয়েছে সেগুলো নিম্নে চিত্রে দেখানো হলো-

বিজয় দিবস উদ্‌যাপন, জাতীয় স্মৃতিসৌধ, নবীনগর, সাভার

আন্তর্জাতিক নারী দিবসের র‍্যালি, ঢাকা

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস (২১শে ফেব্রুয়ারি), আন্তর্জাতিক নারী দিবস (৮ই মার্চ), বঙ্গবন্ধুর জন্মদিবস ও শাহাদাতবরণ দিবস (১৫ আগস্ট), শহীদ বুদ্ধিজীবী দিবস (১৪ ডিসেম্বর), বিজয় দিবস (১৬ ডিসেম্বর), স্বাধীনতা দিবস (২৬শে মার্চ), আন্তর্জাতিক পরিবেশ দিবস (৫ জুন), আন্তর্জাতিক প্রতিবন্ধি দিবস (৩ ডিসেম্বর) এবং আন্তর্জাতিক মাদক প্রতিরোধ দিবস (২৬ শে জুন) প্রভৃতি।

৩.১০ গণসংস্কৃতি

কেন্দ্রীয় কার্যালয়ের ব্যবস্থাপনায় জাতীয় দিবসসমূহ পালনের অংশ হিসেবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন (১৭ই মার্চ), স্বাধীনতা দিবস (২৬ মার্চ), বাংলা নববর্ষে (পহেলা বৈশাখ), সঙ্গীত, আবৃত্তি, গীতিআলেখ্য পরিবেশন করা হয়েছে। মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষ্যে মানিকগঞ্জ সদরে বিজয় মেলায় গণসংস্কৃতি বিভাগের পরিবেশনায় মুক্তিযুদ্ধভিত্তিক "পিয়ারচাঁদ বিবি" পালা নাটক উপস্থাপন করা হয়। নাটকটি উপস্থাপনের পূর্বে গীতিআলেখ্য "আমার গান আমার বিজয়" পরিবেশন করা হয়। এ মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য প্রশিকা প্রথম স্থান অর্জন করার কৃতিত্ব স্বরূপ একটি পুরস্কার পেয়েছে।

গণনাটক 'পিয়ারচাঁদ' মঞ্চায়নে ১ম পুরস্কার, মানিকগঞ্জ সদরে

৪. আয়মূলক প্রকল্প

৪.১ মধু উৎপাদন ও বিপণন

এ অর্থবছরে উৎপাদিত মধুর পরিমাণ ২.৮১ টন। মৌ-বাক্সের সংখ্যা ৫৫টি ও মৌমাছিসহ ফ্রেমের সংখ্যা ২৯০টি। মধু বিক্রি করে মোট ৬.৬৮ লাখ টাকা আয় এবং মোট ব্যয় হয়েছে ৪.৪১ লাখ টাকা এবং নীট লাভ হয় ২.২৭ লাখ টাকা। এ কর্মসূচিতে মুনাফার পরিমাণ আশাব্যঞ্জক। মৌচাষিরা উপকৃত হওয়ার পাশাপাশি প্রশিকার আর্থিক সঙ্গতি বৃদ্ধির ক্ষেত্রে এ কর্মসূচির ভূমিকা গুরুত্বপূর্ণ। এ কর্মসূচির মাধ্যমে চাষীদের কর্মসংস্থান ও কৃষি উৎপাদনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।

মধু উৎপাদন, মির্জাপুর, টাংগাইল

৪.২ আঞ্চলিক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, ময়মনসিংহ

প্রশিকার কর্মী ও ব্যবস্থাপক ছাড়াও দলীয় সদস্য এবং অন্যান্য বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মী ও ব্যবস্থাপক এবং দলীয় সদস্যদের প্রশিক্ষণের জন্য এ কেন্দ্রটি প্রতিষ্ঠিত হয়। একই সাথে অন্যান্য প্রতিষ্ঠানের কাছে ভেন্যু ভাড়া প্রদান ও বিভিন্ন কর্মসূচি আয়োজনের জন্য খাবারসহ অন্যান্য সেবা প্রদানের মাধ্যমে এ কেন্দ্রের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি করা অন্যতম উদ্দেশ্য।

বিগত ২০১৮-২০১৯ অর্থ বছরে এ কেন্দ্রটি থেকে মোট আয় হয়েছে ৫১.৩২ লাখ টাকা। এ অর্থ এ কেন্দ্রের কর্মীদের বেতন, পরিচালনা খরচ এবং কেন্দ্রীয় অফিসের বিভিন্ন খাতে ব্যয় করা হয়েছে।

প্রশিক্ষণ হল রুম, আরএইচআরডিসি, ময়মনসিংহ

৪.৩ প্রশিকার সম্পদ ব্যবস্থাপনা

প্রশিকার মোট ১৬৪.৩৮১ একর জমি আছে। এসব জমিতে কৃষি উৎপাদন খামার, পুকুর, স্থাপনা, উন্নয়ন এলাকা অফিস এবং তৃণমূল প্রশিক্ষণ কেন্দ্র অবস্থিত।

এ অর্থবছরের বিভিন্ন স্থাপনা ও ফার্মের আয়ের বিবরণ দেয়া হলো-

৪.৩.১ সমন্বিত কৃষি খামার, রংপুর

এ খামারের জমিতে আলু, ধান বীজ, ভুট্টা ও সবজি চাষ করা হয়। এ ছাড়া কিছু জমি লিজ দেয়া হয়েছে।

এই খামারে প্রশিকার উদ্যোগে ৫.৭৫ একর জমিতে বীজ আলু উৎপাদন হয়েছে ৪৮.২৯ টন। উৎপাদন ব্যয় ৭.৬০ লাখ টাকা। সে আলু বর্তমানে কোল্ড স্টোরেজে সংরক্ষিত আছে। পরবর্তী অর্থবছরে অর্থাৎ অক্টোবর-নভেম্বরে আলু বীজ বিক্রি করা হবে।

ভুট্টা উৎপাদন, রংপুর ফার্ম

এ খামারে ১২ একর জমিতে বীজ ধান উৎপাদন হয়েছে ২৪ টন। এছাড়া ৩.৮৫ টন ধান কৃষকদের কাছ থেকে ক্রয় করা হয়েছে এবং তা বর্তমানে বীজাগারে সংরক্ষতি আছে। এ অর্থবছরে এ খামারে মোট ব্যয় হয়েছে যার পরিমাণ ২০.৭৬ লক্ষ টাকা এবং আয় হবে ৩.৮০ লক্ষ টাকা ও ঘাটতি টাকার পরিমাণ ১৬.৯৫ লক্ষ টাকা। তবে আলু বীজ, ধান বীজ ও ভুট্টা বিক্রি করে সম্ভাব্য আয় হবে ২০.৪৪ লক্ষ টাকা। আনুমানিক নীট মুনাফা ৩.৪৮ লক্ষ টাকা।

৪.৩.২ কার্প হ্যাচারী, রংপুর

